গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন শাখা-১
www.lgd.gov.bd

কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহ্‌করণ ও দ্রুত বর্জ্য অপসারণে করণীয় নির্ধারণে আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী

সভাপতি	আবদুল মালেক সচিব স্থানীয় সরকার বিভাগ
সভার স্থান	স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ
সভার সময়	২৭ আগস্ট ২০১৫ খ্রিঃ দুপুর ১:০০ টা

সিটি কর্পোরেশন ও পৌর এলাকায় কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহ্ করার বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধি, সকল সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তাগণ, স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা এবং উপস্থিত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

বিগত দুইটি সভার সিদ্ধান্ত এবং গৃহীত কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করে সভাপতির সকলের বক্তব্য আহবান করেন। প্রধঅন নির্বাহী কর্মকর্তাগণ জানান, কোরবানীর পশু নির্দিষ্ট স্থানে জবেহ্‌করণের লক্ষ্যে ইতোমধ্যেই সকল সিটি কর্পোরেশন স্থান বাছাই করেছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ২০৮ টি এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ২৮৫ টি স্থান বাছাই করেছে। অন্যান্য সিটি কর্পোরেশন জায়গা সুনির্দিষ্ট করেছে। সিটি কর্পোরেশন পবিত্র ঈদ- উল- আযহার নামাজের ইমামগণের নামের তালিকা প্রণয়ন করেছে। কোরবানী করার মাওলানাবৃন্দের তালিকা সংগ্রহ করা হয়েছে। এছাড়া মাংস কাটায় নিয়োজিত ব্যক্তিদের তালিকাও চূড়ান্ত করা হয়েছে। ইতোমধ্যে ব্যাপক উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে মসজিদ ভিত্তিক উদ্বুদ্ধকরণের সিদ্ধান্ত ছিল। এ বিষয়ে সক্রিয় কোন পদক্ষেপ দেখা যায়নি। মসজিদে জুমার নামাজের পূর্বে এ বিষয়ে ইমামসাহেবগণের বক্তব্য প্রদান প্রয়োজন।

সভাপতি বলেন, সরকার বা স্থানীয় সরকার প্রতিষ্ঠান কাউকে এ নির্দিষ্ট স্থানে পশু কোরবানীর লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। এখন নাগরিক চেতনাবোধ থেকে জনস্বাস্থ্য ও পরিচ্ছন্নতাকে বিবেচনা করে প্রত্যেক নাগরিকের কতর্ব্য হবে নির্দিষ্ট স্থানে কোরবানীর জন্য পশু নিয়ে আসা, এখানে জবেহ্ করা এবং বর্জ্য ব্যবস্থাপনায় সহায়তা করা। ইতোমধ্যে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া এ বিষয়টিকে আলোচনায় এনেছে। এজন্য সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াকে ধন্যবাদ। প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিষয়টি আরো ব্যাপকভাবে আলোচনায় আনতে হবে। সভাপতি নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবাই এবং বর্জ্য ব্যবস্থাপনার বিষয়টি ব্যাপকভাবে আলোচনার জন্য প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া-কে অনুরোধ জানান।

সভাপতি আরো বলেন, সিটি কপোরেশনের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন ইতোমধ্যে নির্ধারিত স্থানগুলো পবিত্র ঈদ- উল- আযহার পূর্বে পশু কোরবানীর উপযোগী করে তুলতে হবে। সহজে কোরবানীর পশু নিয়ে আসার জন্য গমনাগমন উপযোগী স্থান নির্ধারণ করা আবশ্যক। এসব স্থানে নিরাপত্তা প্রদান করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার অনুরোধ জানানো হয়। পশু কোরবানীর পরে পরিত্যক্ত বর্জ্য, উচ্ছিষ্ট অপসারণের জন্য প্রয়োজনীয় যান যন্ত্রাদি প্রস্তুত রাখতে হবে। ২৪ ঘন্টার মধ্যে স্থানটি পরিস্কার পরিচ্ছন্ন করে পূর্বের ন্যায় ব্যবহার উপযোগী করে দিতে হবে।

পশুর হাট স্থাপন বিষয়ে সভাপতি বলেন, মহাসড়ক, সড়ক রেলপথে কোরবানীর পশুর হাট বসানো যাবে না। জনসাধারণের চলাচলের পথকে সবসময় উন্মুক্ত করে রাখতে হবে। এ বিষয়ে সকল কর্মকর্তা, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিদের অনুরোধ জানানো হবে।

সভায় বিস্তারিত আলোচনার পরে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) কোরবানীর পশু নির্দিষ্ট স্থানে জবেহ্‌করণের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান করবে। এলক্ষ্যে ব্যাপক প্রচারণা চালাতে হবে, জনসম্পৃক্ততা বাড়াতে হবে এবং মসজিদ ভিত্তিক প্রচারণা করতে হবে।

খ) ইসলামিক ফাউন্ডেশন সারাদেশে ইমামগণের মাধ্যমে সিটি কর্পোরেশন/পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবেহ করার বিষয়ে সবাইকে উদ্বুদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) কোরবানীর পশু জবেহ্‌করণের স্থান এমনভাবে নির্ধারণ করতে হবে যেখানে সহজে কোরবানীর পশু নিয়ে আসা যায়। পশু কোরবানীর পরে পরিত্যক্ত বর্জ্য অপসারণের জন্য প্রয়োজনীয় যান যন্ত্রাদি প্রস্তুত রাখতে হবে। ২৪ ঘন্টার মধ্যে স্থানটি পরিস্কার পরিচ্ছন্ন করে পূর্বের ন্যায় ব্যবহার উপযোগী করে দিতে হবে।

ঘ) কোরবানীর পশু জবেহ্‌করণের প্রতিটি স্থানের জন্য সিটি কর্পোরেশনের স্থানীয় কাউন্সিলরের নেতৃত্বে ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবে।

ঙ) পবিত্র ঈদের তিন দিন পূর্ব হতে মাইকের মাধ্যমে এলাকা ভিত্তিক প্রচারণা চালাতে হবে। প্রতিটি হাটেও এ প্রচারণা চালাতে হবে। এর পাশাপাশি এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, ধর্মীয় ব্যক্তিত্বদের নিয়ে উদ্বুদ্ধকরণ সভা করতে হবে। ইসলামিক ফাউন্ডেশন হতে প্রচারণার বক্তব্য অনুমোদন করিয়ে নিতে হবে। জনসাধারণের সহজবোধ্য ভাষায় প্রচারণা করতে হবে।

চ) মহাসড়ক, সড়ক ও রেলপথে পশুর হাট যাতে না বসানো হয় তার জন্য ব্যবস্থা করতে হবে।

ছ) কোরবানীর পশু নির্দিষ্ট স্থানে জবেহ্‌করণের গৃহীত সকল কার্যক্রমের অগ্রগতি আগামী ১৫ সেপ্টেম্বর এর মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।

সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৮/২০১৫

আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(সিটি কর্পোরেশন-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.০১৮.৩৫২.১৪.৮৩১

তারিখঃ ১৬ ভাদ্র ১৪২২ / ৩১ আগস্ট ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল।

(মোঃ খলিলুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়/ কৃষি মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ পরিবেশ ও বন মন্ত্রণালয়/ ধর্ম মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ রেলপথ মন্ত্রণালয়।
০৩। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ...সিটি কর্পোরেশন (সকল)।
০৫। জেলা প্রশাসক, ...(সকল জেলা)।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ... উপজেলা (সকল উপজেলা)।
০৭। মেয়র/ প্রশাসক, ... পৌরসভা (সকল)।

অনুলিপি জ্ঞাতার্থেঃ

০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ (**পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল**)।
০৩। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।